উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরনী

সভাপতি : জনাব মো: তুহিন হোসেন

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ

তারিখ : ২৯/০৯/২০২৫ খ্রিঃ

সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের উপস্থিতি পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে উক্ত কমিটির সহ সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: তুহিন হোসেন উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জনাব মো: আরিফুল ইসলাম জানান যে, বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ দেশ। স্থানভেদে এক একটি উপজেলায় একেক রকম দুর্যোগ/ আপদ সংঘটিত হয়। অত্র উপজেলায় প্রায়ই বজ্রপাত সংঘটিত হয়, যার ফলে হতাহতের ঘটনা ঘটে। এছাড়া চলতি বছরে অতিবৃষ্টির কারনে নিম্ন এলাকা প্লাবিত হয়ে ও নদীর পানি অতিরিক্ত বৃদ্ধির কারনে নিম্ন এলাকা জলাবদ্ধতা সৃষ্টি হয়। অনেক সময় বন্যার রুপ ধারণ করে। বর্তমানে যমুনা ও ঝিনাই নদীর পানি বৃদ্ধি হওয়ায় অত্র উপজেলার নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে। এ উপজেলায় ২ কিস্তিতে মোট ৩০২ প্যাকেট শুকনা খাবারের প্যাকেট বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে হতে ২০টি+২০টি করে মোট = ৪০টি শুকনা খাবারের প্যাকেট বিতরনের জন্য জেলাতে সংরক্ষন রেখে বাকি ২৬২টি প্যাকেট শুকনা খাবার এ উপজেলায় পাওয়া যায়। এ পর্যন্ত হেমনগর ইউনিয়নে ২২টি, ঝাওয়াইল ইউনিয়নে = ৩৫টি, পৌরসভায়= ০২টি, নগদাশিমলা ইউনিয়নে=২টি, মির্জাপুর ইউনিয়নে = ২টি এবং আলমনগর ইউনিয়নে =২টি সর্বমোট = ৬৪টি পরিবারের মাঝে ৬৪টি প্যাকেট শুকনা খাবার ও জিআর চাল ২০ কেজি হারে ৬৪টি প্যাকেট করে বিতরণ করা হয়েছে। অবশিষ্ট ১৯৮টি শুকনা খাবারের প্যাকেট ৭টি ইউনিয়নে সমহারে বন্টন করার জন্য আলোচনা করা হয়। ত্রাণ সামগ্রী অতি বৃষ্টি, নদীর পাড়ের বন্যায় কবলিত, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ পরিবার/জনগণের মাঝে বিতরণ করার জন্য আলোচনা করা হয়। ত্রাণ বিতরণের জন্য নির্ধারিত স্থান সমূহ পূর্বেই নির্ধারণ করতে হবে। আন্তর্জাতিক দুর্যোগ প্রস্তুতি / প্রশমন দিবস গুলোতে যথাযথ ভাবে উদযাপনের জন্য বিভিন্ন কর্মসূচী নেওয়া যেতে পারে যেমন ব্যানার সহ র‍্যালি ফায়ার সার্ভিসের মহড়া, আলোচনা সভা স্কুলের ছাত্রদের ও দুর্যোগের উপর চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগীতা করার জন্য সকল স্কুলের ও কলেজের শিক্ষকগণকে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র দেওয়া যেতে পারে।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়(পিআইও)ঃ-

১) জরুরী পরিচালনা কেন্দ্র/কন্ট্রোল রুম সার্বক্ষনিক (২৪ ঘন্টা) চালু রাখা।
২) কন্ট্রোল রুমের নং-০১৭৬২-৬৯১৬৩৫ (ইউএনও), ০১৭০০-৭১৬৭৮৩ (পিআইও)
৩) দুর্গত এলাকায় ত্রাণ সামগ্রী দ্রুত পাঠানো নিশ্চিত করা।
৪) উদ্ধার, ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষন,সমস্যা ও প্রয়োজন চিহ্নিতকরণ এবং তার ওপর যথাযথ কতৃপক্ষের দৃষ্টি আকর্ষন করা।
৫) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরুপন সেল প্রতিষ্ঠা ও প্রতিষ্ঠানিকরণ।
৬) ত্রান সামগ্রী চাহিদা নির্ধারন করে মন্ত্রনালয়কে জানানো।
৭) বিশেষ ত্রান সামগ্রীর জন্য মন্ত্রণালয়কে তাৎক্ষনিকভাবে জানানো।
৮) বরাদ্দকৃত ত্রান সামগ্রী ব্যবহারের সঠিক হিসেবে সংরক্ষন নিশ্চিত করা।

উপজেলা খাদ্য (ফুড)ঃ

১) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সঙ্গে যোগাযোগ রক্ষা করা।
২) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রণ কক্ষে একজন লিয়াজোঁ কর্মকর্তা মনোনীত করা।
৩) সব ধরনের উদ্ধার কাজ, লোকজন অপসারণ ও ত্রাণ তৎপরতায় স্থানীয় প্রশাসনকে সাহায্য করা।
৪) দুর্গত এলাকায় সরকারের নির্দেশিত বিশেষ রেশন এবং খোলা বাজারে চাল ও গম বিক্রির ব্যবস্থা করা এবং খাদ্যশস্য নির্বিঘ্ন সরবরাহ নিশ্চিত করা।
৫) বাজার মুল্য স্থিতিশীল ও স্বাভাবিক রাখতে মজুতদার ও মুনাফাখোরদের বিরুদ্ধে কার্যকর আইনি পদক্ষেপ নেওয়া।

Arif, pio regulation-24
gopalpur

বাংলাদেশ পুলিশ/বিজিবি/আনসার ও ভিডিপিঃ

১) উপজেলা পর্যায়ে একটি নিয়ন্ত্রণ কক্ষ পরিচালনা করা।
২) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রণ কক্ষে একজন লিয়াজোঁ কর্মকর্তা মনোনীত করা।
৩) আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে তথ্য সংগ্রহ এবং প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া।
৪) বিজিবি, আনসার ও ভিডিপি এর দ্রুত মোতায়ন নিশ্চিত করা।(প্রস্তুত থাকা এবং সরকারের নির্দেশ অনুযায়ী কাজ করা)।
৫) মানুষ,পশুপাখি ইত্যাদিকে উদ্ধার করে আশ্রয়কেন্দ্র/নিরাপদ স্থান,কিল্লা এবং উঁচু স্থানে সরিয়ে নিতে স্থানীয় প্রশাসন ও বিজিবি, আনসার ও ভিডিপি,ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সকে সহযোগিতা ও সহায়তা প্রদান নিশ্চিত করা।
৬) বিজিবি, পুলিশ, আনসার, ভিডিপি ও কোষ্ট গাডের মাঠ পর্যায়ের কাজ তদারক করা।
৭) মাঠ পর্যায়ের অধীন বাহিনীগুলোকে সক্রিয় রাখা এবং স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় করা।
৮) মুল্যবান সম্পত্তি উদ্ধার করা।
৯) মৃত দেহ উদ্ধার এবং সৎকারের ব্যবস্থা করা।
১০) ক্ষতিগ্রস্থদের মধ্যে খাদ্য খাবার পানি ও বস্ত্র বিতরন করা।
১১) দুর্যোগ পরবর্তী সময়েই ধ্বংসস্তুপ অপসারনের জন্য যানবাহনের ব্যবস্থা নিশ্চিত করা।
১২) দুর্গত এলাকায় অপরাধ দমনের জন্য (আনসার ও ভিডিপি) পুলিশের সহায়তায় প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া।
১৩) আন্তরিকতার সাথে (আনসার ও ভিডিপি) ক্ষতিগ্রস্থ জনসাধারণের মধ্যে ত্রাণসামগ্রী বিতরন করা। সরিয়ে আনা জনসাধারনের সম্পদের নিরাপত্তার ব্যাপারেও দৃষ্টি রাখা।

উপজেলা ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সঃ

১) উপজেলা নির্বাহী অফিসার এবং দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে যোগাযোগ স্থাপন করাএবং তাদের নির্দেশ অনুযায়ী কাজ করা।
২) প্রয়োজন হলে,সর্বোচ্চ উর্দ্ধতন কর্মকর্তা কম ক্ষতিগ্রস্থ এলাকা থেকে কর্মী এনে বাহীনীর শক্তিবৃদ্ধি করা।
৩) স্থানীয় নিয়ন্ত্রন কক্ষকে কাজের অগ্রগতি সম্পর্কে অবিহিত করা।
৪) সেচ্ছাসেবকগণ যে কাজের উপযুক্ত কাদেও সে কাজে নিয়োগ করা।
৫) অসামাজিক কার্যবলি প্রতিরোধকল্পে তৎপরতা থাকা এবং পুলিশকে সহায়তা করা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডঃ

১) উপজেলা পর্যায়ে দিন-রাত ২৪ ঘন্টা নিয়ন্ত্রণ কক্ষ পরিচালনা করা,সংশ্লিষ্ট সবাইকে আসন্ন দুর্যোগ সমন্ধে হুসিয়ারি করা এবং জীবন, সম্পদ, যন্ত্রপাতি, যানবাহন,সরঞ্জাম ইত্যাদি রক্ষায় নিরাপত্তামূলক ব্যবস্থা নেয়ার জন্য সবাইকে সতর্ক করা।
২) জরুরি ভিত্তিতে স্থাপনা ও সরবরাহ উৎস ইত্যাদির ক্ষয়ক্ষতি মেরামতের জন্য যে কারিগরি জনশক্তি ও প্রয়োজনীয় উপকরন চিহ্নিত করা।
৩) জরুরী ভিত্তিতে পুনর্বাসন কাজে সকল প্রয়োজনীয় সহায়তা লাভের জন্য উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখাকে অনুরোধ করা।
৪) মানুষের জীবন ও সম্পদ রক্ষা এবং সরিয়ে নেয়ার জন্য পরিস্থিতির প্রয়োজনে যে কোন উপযুক্ত ব্যবস্থা নেওয়া।

উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসঃ

১) উপজেলা পর্যায়ে নিজস্ব নিয়ন্ত্রণ কক্ষ পরিচালনা করা এবং ক্ষতিগ্রস্থ শস্যের বিষয়ে প্রতিবেদন সংগ্রহ করা।
২) ক্ষতিগ্রস্থ শস্য সম্পর্কীয় প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে পাঠানো।
৩) শস্য মজুদ, যন্ত্রপাতি ইত্যাদির ক্ষয়ক্ষতির হিসেব করা।
৪) মাঠ পর্যায়ের দপ্তরগুলোর মাধ্যমে পুনর্বাসন পরিকল্পনা তৈরি করা।
৫) ক্ষতিগ্রস্থ এলাকায় ঠিক সময়ে বীজ,চারা,সার,কীটনাশক,কৃষি যন্ত্রপাতি ইত্যাদি বিতরনের জন্য পরিবহনের ব্যবস্থা করা।
৬) উপজেলা ও ইউপি চেয়ারম্যান পর্যন্ত সকলকে প্রয়োজনানুসারে সহযোগিতা ও সহায়তা প্রদানের জন্য বিভিন্ন স্তরের কর্মকর্তাদের নির্দেশ দেওয়া।
৭) কৃষি উপকরণ ও যন্ত্রপাতি বিতরন করা।
৮) উপজেলা কৃষি রিন কমিটির মাধ্যমে কৃষকদের রিন প্রাপ্তি নিশ্চিত করা।

উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ

১) উপজেলা পর্যায়ে জরুরি পরিচালনা কেন্দ্রের সাথে সংযোগ রক্ষার জন্য প্রাণিসম্পদ অফিসের একজন যোগাযোগ কর্মকর্তা মনোনীত করা।

২) আটকে পড়া প্রাণিসম্পদ ও হাঁস-মুরগী উদ্ধারও অপসারন কার্য যথাযথভাবে পরিচালনার ব্যাপারে স্থানীয় প্রশাসনকে বন্যার সময় সহায়তা করা।

৩) আশ্রয়স্থল গবাদিপশু ও হাঁস-মুরগির দ্রুততার সাথে টিকাদান ও চিকিৎসার বিধান করা (বন্যার সময়)।

৪) দুর্গত এলাকাগুলোতে পশুদের টিকাদান পরিচালনা করা (বন্যার আগে)।

৫) ল্যাম্পি স্কীন ডিজিজে আক্রান্ত রোগটি মহামারী আকার ধারনের পূর্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উপজেলা মৎস্য অফিসঃ

১) উপজেলা পর্যায়ে নিজস্ব নিয়ন্ত্রণ কক্ষ চালু করা এবং দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিতে যোগাযোগ কর্মকর্তা পাঠানো।

২) মৎস্যসম্পদ খাতে ক্ষতির হিসেবের জন্য অবিলম্বে জরিপ কার্যের ব্যবস্থা করা এবং মৎস্যসম্পদের সরকারি ও বেসরকারি খাতের জন্য অবিলম্বে দীর্ঘ মেয়াদি ত্রাণ ও পুনর্বাসন পরিকল্পনা করা।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসঃ

১) উপজেলা পর্যায়ে নিজস্ব নিয়ন্ত্রণ কক্ষ ২৪ ঘন্টা চালু রাখা এবং দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিতে যোগাযোগ কর্মকর্তা পাঠানো।

২) দুর্গত এলাকায় প্রাথমিক স্বাস্থ্য সেবার বন্দোবস্ত করা।

৩) ত্রাণ শিবিরে নিরাপদ পানীয় জলের ব্যবস্থা করা। এর মধ্যে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেটসহ বিচিং পাউডারের ব্যবস্থা রাখা।

৪) সাড়াপ্রদান,ত্রান ও উদ্ধার কার্যক্রমে স্বাস্থ্য ও চিকিৎসা বিষয়টি নিয়ন্ত্রন করা।

৫) কলেরা ও টাইফয়েডের বিরুদ্ধে প্রতিষেধক ব্যবস্থা করা।

৬) মহামারি প্রাদুর্ভাব রোধে সদা সতর্ক থাকা এবং রোগ ছড়িয়ে পড়া রোধে কার্যকারী ব্যবস্থা নেওয়া।

৭) অভিষ্ঠ জনগোষ্ঠির টিকাদান কার্যক্রম শুরু করা।

৮) কোন রোগের প্রাদুর্ভাব ছড়িয়ে পড়া রোধে কার্যকর প্রচারণা শুরু করা।

৯) মৃত্যু/হতাহত সম্পর্কিত নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণ করে যথাযথ কতৃপক্ষ বরাবর পাঠানো।

উপজেলা পরিবেশ ও বন অফিসঃ

১) উপজেলা পর্যায়ে নিজস্ব নিয়ন্ত্রণ কক্ষ চালু রাখা এবং দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিতে যোগাযোগ কর্মকর্তা পাঠানো।

২) দুর্যোগ কবলিত এলাকায় পরিবেশগত পরিস্থিতির উপর সজাগ দৃষ্টি রাখা এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য প্রস্তুত থাকা।

উপজেলা তথ্য অফিসঃ

১) উপজেলা পর্যায়ে বিভিন্ন আপদ ঝুঁকি ও দুর্যোগের উপর গণমাধ্যমে লেখনী, প্রচারপত্র নিয়মিত প্রচার নিশ্চিত করা।

২) দুর্যোগ সংক্রান্ত তথ্য সম্প্রচারে সচ্ছ ধারনা লাভের জন্য সচেতনতা মূলক প্রচারনা বৃদ্ধি নিশ্চিত করা।

উপজেলা হিসাব রক্ষন অফিসঃ

১) ত্রাণকার্যের খরচ মিটানোর জন্য দ্রুত অর্থ ছাড় করন নিশ্চিত করা।

২) ত্রাণ সামগ্রীর পরিমান ও ধরন এর ওপর সকল তথ্য প্রস্তুত রাখা।

উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ

১) নারী ও শিশু এবং অন্য দুর্গতদের চাহিদার সমন্বয় করা এবং সাড়া প্রদান ও সেবা কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করা।

২) দুর্যোগের শিকার নারী ও শিশুদের জীবিকায়নে সহায়তা করা।

উপজেলা সমাজসেবা অফিসঃ

১) ক্ষতিগ্রস্থ এলাকা সমূহে প্রয়োজন মত সমাজকর্মী নিয়োজিত করা।

২) দুর্যোগে সমাজসেবা অধিদপ্তরের তালিকাভুক্ত সকল এনজিওর অংশগ্রহন নিশ্চিত করা।

৩) বিভিন্ন প্রকল্পের মাধ্যমে দুর্যোগ আক্রান্ত প্রতিবন্ধি ও সুবিধাবঞ্চিতদের জীবিকা সহায়তা দেওয়া।

উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসঃ

১) বন্যা আশঙ্কা দেখা দিলে,প্রয়োজনবোধে আশ্রয় কেন্দ্র ও ত্রান শিবির হিসেবে ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান ও ভবন স্থানীয় প্রশাসনের নিয়ন্ত্রণে প্রদান করা।

২) ত্রাণ কার্যক্রমে স্বেচ্ছাসেবক হিসেবে শিক্ষক ও ছাত্রদের সংগঠিত করা।

৩) বন্যার সময় এবং ঘূর্ণিঝড়ের পরপরই শিক্ষা দেয়ার জন্য কিছু সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান প্রস্তুত করা।

উপজেলা বিদ্যুৎ অফিসঃ

১) উপজেলা পর্যায়ে নিজস্ব নিয়ন্ত্রণ কক্ষ ২৪ ঘন্টা চালু রাখা ।
২) সরবরাহ নিশ্চিত করতে অবকাঠামো জরুরি ভিত্তিতে মেরামত ব্যবস্থা করা।
৩) প্রয়োজনে কর্মীসহ অন্যান্য সম্পদের পুনঃবরাদ্দ করা।
৪) মেরামত সরঞ্জাম ,ট্রান্সফরমার ইত্যাদিসহ ক্ষতিগ্রস্থ লাইন প্রতিস্থাপন/মেরামত করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম দ্রুত সরবরাহ নিশ্চিত করা।
৫) যতশীঘ্র সম্ভব সকল ক্ষতিগ্রস্থ এলাকার বিদ্যুৎ সরবরাহ পুনরায় চালু করা।

জনস্বাস্থ্য প্রকৌশলঃ

১) বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।
২) পানি বিশুদ্ধ করন উপকরন (ট্যাবলেট, জারিকেন, হাইজিন কিট) সরবরাহ করতে হবে।

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক এর দায়িত্বঃ

৩) দুর্যোগ প্রস্তুতি কর্মসূচীর স্বেচ্ছাসেবকবৃন্দ, আনসার এবং গ্রাম প্রতিরক্ষা দলের সদস্যগন যাহাতে সঠিক সময়ে জনসাধারনের নিকট বিপদ/মহাবিপদ সংকেত প্রচার করে তা ব্যবস্থা নিশ্চিত করা।
৪) দুরবর্তী চর এলাকাসহ নিজ নিজ এলাকায় জনসাধারনের নিকট যাতে অপসারণ নির্দেশ সঠিকভাবে প্রচারিত হয় সে ব্যবস্থা নিশ্চিত করা।
৫) উপজেলা নিয়ন্ত্রন কক্ষের সাথে যোগাযোগ রাখা।
৬) সকল প্রস্তুতি ব্যবস্থা যাতে সঠিকভাবে গৃহীত হয় তা নিশ্চিত করা।
৭) উদ্ধার ও ত্রাণ কার্যের জন্য ইউনিয়নে পর্যাপ্ত যানবাহন ও নৌকা হুকুম দখল করা।
৮) অপসারিত জনসাধারনের সম্পত্তি হেফাজত ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯.০৯.২৫

(মোঃ তুহিন হোসেন)
সহ-সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
গোপালপুর, টাঙ্গাইল

স্মারক নং ৫১.০১.৯৩৩৮.০০০.৪২.০০৫.২০২৫- ২৭৬ তারিখ: ২৯/০৯/২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল
২। জেলা ত্রাণ ও পূনর্বাসন কর্মকর্তা, টাঙ্গাইল
৩। উপজেলা ......................................... অফিসার ও ট্যাগ অফিসার ................................ ইউ,পি
৪। চেয়ারম্যান/প্রশাসক..........................................(সকল) ইউ,পি
৫। অফিস কপি/প্রকল্প নথি

২৯/৯/২৫

(মোঃ আরিফুল ইসলাম)
সদস্য সচিব
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
গোপালপুর, টাঙ্গাইল

Arif, pio regulation-24
gopalpur

**পরিশিষ্ট “ক”ঃ**

| ক্রঃনং | নাম ও পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর, টাঙ্গাইল। | সহ-সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | প্রশাসক, গোপালপুর পৌরসভা, গোপালপুর, টাঙ্গাইল। | সদস্য | ” |
| ৩ | চেয়ারম্যান, হাদিরা ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ৪ | চেয়ারম্যান, নগদাশিমলা ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ৫ | চেয়ারম্যান,ঝাওয়াইল ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ৬ | চেয়ারম্যান, হেমনগর ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ৭ | চেয়ারম্যান, ধোপাকান্দি ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ৮ | চেয়ারম্যান, আলমনর ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ৯ | চেয়ারম্যান, মির্জাপুর ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ১০ | সহকারী কমিশনার (ভূমি ) , গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ১১ | উপজেলা কৃষি অফিসার, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ১২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোপালপুর,টাঙ্গাইল | ” | ” |
| ১৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ১৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল । | ” | ” |
| ১৫ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ১৬ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ১৭ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ২০ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, গোপালপুর থানা , টাঙ্গাইল ৷৷ | ” | ” |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) , গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ২২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল । | ” | ” |
| ২৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ২৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল। | ” | ” |
| ২৬ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল । | ” | ” |
| ২৭ | নির্বাহী প্রকৌশলী, পল্লী বিদ্যুৎ সমিতি, গোপালপুর, টাঙ্গাইল । | ” | ” |
| ২৮ | সভাপতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, গোপালপুর, টাঙ্গাইল । | ” | ” |
| ২৯ | কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, গোপালপুর, টাঙ্গাইল । | ” | ” |
| ৩০ | সভাপতি, গোপালপুর বণিক সমিতি, গোপালপুর, টাঙ্গাইল । | ” | ” |
| ৩১ | অধ্যক্ষ, গোপালপুর কলেজ, গোপালপুর, টাঙ্গাইল । | ” | ” |
| ৩২ | প্রধান শিক্ষক, সূতী ভিএম সরকারী উচ্চ বিদ্যালয়, গোপালপুর । | ” | ” |
| ৩৩ | সভাপতি, প্রেস ক্লাব, গোপালপুর, টাঙ্গাইল । | ” | ” |
| ৩৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল । | সদস্য সচিব | ” |

Arif, pio regulation-24
gopalpur